

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়


বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ১ম প্রান্তিকের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. নাহিদ রশীদ, মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।
সভার তারিখ : ২০/০৯/২০২২
সময়: : বেলা ৯.৩০ টায়
সভার স্থান: : বোর্ডের সভা কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট “ক”

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় বোর্ডের কার্যক্রম উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন)-কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর নিয়োক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
০১।	সভায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে একটি সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	যথাসময়ে সভা আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাসন)
০২।	উপপরিচালক (প্রশাসন) শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা ১ম প্রান্তিকের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করেন।	যথাসময়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাসন)
০৩।	সভায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ বিষয়ে আলোচনা হয়।	প্রতিটি প্রান্তিকের পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে।	পরিচালক (প্রশাসন)
০৪।	পরিচালক (প্রশাসন) কর্মপরিবেশ উন্নয়ন বিষয়ে সভায় বিশদ আলোচনা করেন।	উন্নত কর্ম-পরিবেশ নিশ্চিত করতে হবে।	পরিচালক (প্রশাসন)
০৫।	সভায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির সভা আয়োজন বিষয়ে আলোচনা করা হয়। কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বিগত অর্থবছরের সকল প্রান্তিকের সভা যথাসময়ে অনুষ্ঠিত হয়েছে।	এ অর্থবছরেও যথাসময়ে সভা আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাসন)
০৬।	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড-এর নৈতিকতা কমিটির সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন অব্যাহত রয়েছে বলে সভায় জানানো হয়।	নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করতে হবে।	উপপরিচালক (প্রশাসন)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ড. নাহিদ রশীদ)
মহাপরিচালক (সচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড